



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
আইসিটি সেল

ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কৃষ্ণ পদ হালদার পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও ইনোভেশন অফিসার, ব্রি।
সভার তারিখ	০৫/০৭/২০২০ইং।
সভার সময়	সকালঃ ১০.০০ ঘটিকা।
স্থান	মহাপরিচালক মহোদয়ের সনৌলন কক্ষ।
উপস্থিতি	সংযুক্তি মোতাবেক।


আলোচ্য সূচি (ক): বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

আলোচ্য সূচি (খ): ০৫/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি
১.	ব্রির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি ও বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা	১.১ ২০১৯-২০ অর্থ বছরে ব্রির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়নে সর্বমোট ১০০ নম্বরের মধ্যে অর্জিত স্কোর ১০০। কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির যাত্রা অব্যাহত রাখতে হবে। ১.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ যা ০৬/০৭/২০২০ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরিত হয়েছে। ১.৩ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নতুন ফরম্যাটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ না পাওয়া পর্যন্ত বিদ্যমান ফরম্যাট অনুযায়ী কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রস্তুতপূর্বক ব্রির ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।
২.	ব্রির বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	২.১ বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত মোট ৮টি সূচক/কার্যক্রম শতভাগ বাস্তবায়ন ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও প্রমাণক ব্রির শুদ্ধাচার বাস্তবায়ন কমিটিকে প্রদানপূর্বক ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।

৩.	উদ্ভাবক ও ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে উদ্ভাবনী প্রণদনা/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.১ অনুযায়ী উদ্ভাবক/ইনোভেশন টিমের সদস্যগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার/উদ্ভাবনী প্রণদনা প্রদানের অংশ হিসেবে প্রস্তুতকৃত খসড়া সনদপত্র উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। ইনোভেশন টিমের সদস্যবৃন্দসহ মোট ০৭ (সাত) জনকে সনদ প্রদান করা হবে।
৪.	ইনোভেশন টিমে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ বিষয়ক আলোচনা	বিভিন্ন সময়ে ইনোভেশন টিম পুনর্গঠনের অংশ হিসেবে ব্রি'র ইনোভেশন টিমে কীটতত্ত্ব বিভাগের প্রধান ড. শেখ শামিউল হক এবং প্রশিক্ষণ বিভাগের প্রধান ড. মোঃ শাহাদত হোসেন-কে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
৫.	রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপসের বিল পরিশোধ সংক্রান্ত আলোচনা	৫.১ মহাপরিচালক মহোদয় বাংলা ভার্শন উদ্বোধনের তারিখ ২৬ জুলাই' ২০২০ নির্ধারণ করেছেন। উক্ত সময়সীমার পূর্বেই অ্যাপসটিতে বাংলা ভার্শন সংযোজন করার জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ৫.২ রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস-এর অবশিষ্ট বিল পরিশোধের ক্ষেত্রে উক্ত সভায় বিশেষভাবে আমন্ত্রিত সিনিয়র সহকারী পরিচালক ও প্রকিউরমেন্ট শাখার দায়িত্বরত জনাব কাওছার আহমদ এর উপস্থিতিতে মাননীয় মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী ডিপিএম (সরাসরি ক্রয় পদ্ধতি) প্রক্রিয়ায় প্রদান করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
৬.	বিবিধ	৬.১ ব্রি'র সদর দপ্তর ও সকল আঞ্চলিক কার্যালয়ে ই-নথি কার্যক্রম জোরদারকরণের অংশ হিসেবে ইন-হাউজ প্রশিক্ষণ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। ৬.২ প্রতি মাসের ১ম সপ্তাহে নিয়মিতভাবে ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. কৃষ্ণ পদ হালদার
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)
ও ইনোভেশন অফিসার, ব্রি।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।
- ২) চিফ সাইন্টিফিক অফিসার, কীটতত্ত্ব, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৩) চিফ সাইন্টিফিক অফিসার, মৃত্তিকা বিজ্ঞান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৪) চিফ সাইন্টিফিক অফিসার (চলতি দায়িত্ব), উদ্ভিদ শারীরতত্ত্ব, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৫) প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার, প্রশিক্ষণ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৬) সহকারী পরিচালক (সংগ্রহ), সংগ্রহ শাখা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।



ড. মোঃ ইসমাইল হোসেন
চিফ সাইন্টিফিক অফিসার